

লেখকচার সীট

শ্রেণি: সপ্তম

বিষয়: বাংলা ১ম ( সপ্তপর্গ)

বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তা

এ. কে. শেরাম

লেখক পরিচিতি:

জন্ম:	১৯৫২ সালে হবিগঞ্জ ▪ বাংলাদেশের মণিপুরি সাহিত্যচর্চার ক্ষেত্রে পথিকৃৎ। ▪ তিনি একজন কবি ও প্রাবন্ধিক
উল্লেখযোগ্য গ্রন্থ	● 'বসন্ত কুন্নি পালগী লৈরাং' ● 'মণিপুরি কবিতা' ● 'চৈতন্যে অধিবাস' ● 'মনিদীপ্ত মণিপুরি' ● 'বিষুপ্রিয়া বিতর্ক'

পাঠ বিশ্লেষণ:

বাংলাদেশ বহু জাতি, বহু ভাষা ও বহু সাংস্কৃতির একটি দেশ।  
এদেশে বাঙালির পাশাপাশি রয়েছে প্রায় ৪৬টি ক্ষুদ্র জাতি গোষ্ঠী।

উল্লেখযোগ্য ক্ষুদ্র জাতিগোষ্ঠীদের মধ্যে হলো-  
চাকমা, মারমা, গারো, ত্রিপুরা, সাঁওতাল,  
মণিপুরি, খাসি, শ্রো, রাখাইন, হাজং, তঞ্চঙ্গ্যা,  
বম, কোচ, পাহাড়িয়া, রাজবংশী, মালো, ওরাঁও ইত্যাদি।

	চাকমা	গারো
বাসস্থান	রাঙামাটি, বান্দরবন, খাগড়াছড়ি	ময়মনসিংহ, টাঙ্গাইর ও সিলেট
ভাষা	আর্য ভাষা গোষ্ঠী, মঙ্গোলীয় জাতিগোষ্ঠীর অন্তর্গত	মঙ্গোলীয় জাতিগোষ্ঠীর অন্তর্গত
পরিবার	পিতৃতান্ত্রিক	মাতৃতান্ত্রিক পরিবার
সমাজ ব্যবস্থা	সমাজের প্রধান হলেন রাজা গ্রামের প্রধান হলেন কারবারি	একই গোত্রে বিবাহ নিষিদ্ধ
ধর্ম	বৌদ্ধ ধর্মাবলম্বী	নিজস্ব ধর্ম আছে। ( প্রকৃতি পূজা)
পোশাক	পুরুষেরা 'ধুতি' ও নিজেদের হাতের তৈরি 'সিলুম' পরে। মহিলারা 'পিনন' ও নিজেদের হাতের তৈরি 'খাদি' ওরনা পরে।	
খাদ্য	প্রধান খাবার ভাত, মাছ, মাংস, ও শাক-সবজি।	
উৎসব	'বিজু' উৎসব প্রধান উৎসব চৈত্রের শেষ দুই দিন 'ফুলবিজু' ও মূলবিজু' এবং পহেলা বৈশাখকে 'গর্যাপর্য্যা' বলে।	গীতবাদ্য ও নৃত্য খুবই গুরুত্বপূর্ণ ফসলবোনা, নবান্ন, নববর্ষ ইত্যাদিতে উৎসবের আয়োজন করা হয়। 'ওয়ানগালা' গারোদের জনপিয় উৎসব।
পেশা		সমতলের গারোরা কৃষিজীবী আর পাহাড়ের গারোরা 'জুম' চাষ করে।

	মারমা	মণিপুরি
বাসস্থান	রাঙামাটি, বান্দরবন, খাগড়াছড়ি	আদি নিবাস ভারতের মণিপুর রাজ্যে।
ভাষা	মঙ্গোলীয় ভাষার জাতিগোষ্ঠীর অন্তর্গত। নিজস্ব বর্ণমালা আছে।	নিজস্ব বর্ণমালা আছে।
পরিবার	পিতৃতান্ত্রিক সম্পত্তির উত্তরাধিকার ছেলে ও মেয়ে সমান।	পিতৃতান্ত্রিক
সমাজ ব্যবস্থা	সমাজের প্রধান হলেন রাজা গ্রামের প্রধান হলেন কারবারি	মণিপুরি সমাজে পাড়া বা গ্রাম ও 'পানচায়' বা পঞ্চায়েতের ভূমিকা গুরুত্বপূর্ণ।
ধর্ম	বৌদ্ধ ধর্মাবলম্বী	প্রাচীন ধর্মের নাম 'আপোকপা' অনেকে আবার মুসলিম ধর্মাবলম্বী
পোশাক		পুরুষেরা ধুতি, গামছা, জামা পরে আর মেয়েরা নিজেদের তৈরি এক বিশেষ ধরনের পোশাক পরে।
খাদ্য		প্রধান খাবার ভাত, মাছ, মাংস, ও শাক-সবজি।
উৎসব	নববর্ষে সাংরাই দেবীর পূজা ও এ উপলক্ষে সাংগ্রাই উৎসব তিন দিন ধরে চলে।	সনাতন ধর্মাবলম্বী মণিপুরিরা রাস উৎসব, রথযাত্রা উৎসব করে থাকে।
পেশা	কৃষিকাজ (জুম চাষ করে) বনজ সম্পদ আহোরণের মাধ্যমে জীবিকা নির্বাহ করে।	মণিপুরিরা কৃষিজীবী

❖ পাঠ পরিচিতি, লেখক পরিচিতি ও লেকচার সীট থেকে ২৫টি জ্ঞানমূলক প্রশ্ন তৈরি করে তার উত্তর লিখবে।